শাটডাউনে বের হয়ে গ্রেপ্তার ৪০৩, জরিমানা ১২ লাখ

চেম্বার ডেস্ক:: করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে ঈদের পরে দেয়া কঠোর লকডাউনের প্রথম দিনে বিধিনিষেধ ভেঙে বের হওয়ায় রাজধানীতে ৪০৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ ছাড়া প্রথম দিনের সর্বশেষ তথ্য অনুযায়ী জরিমানা আদায় হয়েছে প্রায় পৌনে ১২ লাখ টাকা।

শুক্রবার সন্ধ্যায় এ তথ্য জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপকমিশনার ইফতেখায়রুল ইসলাম।

তিনি বলেন, ‘শুক্রবার সন্ধ্যা পর্যন্ত বিধিনিষেধ না মানায় মোট গ্রেপ্তার করা হয়েছে ৪০৩ জনকে। এ ছাড়া মোবাইল কোর্টে ২০৩ জনকে জরিমানা করা হয়েছে ১ লাখ ২৭ হাজার ২৭০ টাকা। সড়কে ৪৪১টি গাড়িকে জরিমানা করা হয়েছে ১০ লাখ ৬০ হাজার ৫০০ টাকা।’

ঈদের ছুটি শেষে পূর্বঘোষণা অনুযায়ী শুক্রবার থেকেই দেশজুড়ে আবার দুই সপ্তাহের লকডাউন শুরু হয়েছে। মানুষের অবাধ চলাফেরা নিয়ন্ত্রণে এবারের বিধিনিষেধ ‘সবচেয়ে কঠোর’ হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

নিউজবাংলাকে বৃহস্পতিবার দুপুরে তিনি জানান, শুক্রবার ভোর ৬টা থেকে ৫ আগস্ট রাত ১২টা পর্যন্ত চলমান থাকবে এই কঠোর অবস্থা। এ বিষয়ে ১৩ জুলাই মন্ত্রিপরিষদের প্রজ্ঞাপনেই জানিয়ে দেয়া হয়েছিল।

লকডাউন বাস্তবায়নে রাজধানীর বিভিন্ন পয়েন্টে চেকপোস্ট বসিয়েছে পুলিশ। ছবি: সাইফুল ইসলাম/নিউজবাংলা
করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউয়ে ভারতীয় ডেল্টা ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়া ঠেকাতে কঠোর লকডাউন শুরু হয় ১ জুলাই থেকে, যা পরিচিতি পেয়েছিল শাটডাউন নামে। ঈদুল আজহা উপলক্ষে ১৫ থেকে ২৩ জুলাই সকাল পর্যন্ত আট দিনের জন্য শিথিল করা হয়েছিল বিধিনিষেধ। ঈদ শেষে শুক্রবার সকাল ৬টা থেকে নতুন করে শুরু হয়েছে কড়াকড়ি।

এর আগে ডিএমপি জানিয়েছিল, ১ জুলাই থেকে শুরু হওয়া কঠোর লকডাউনে বিধিনিষেধ না মানায় ১৪ দিনে ৯ হাজার ২ জনকে গ্রেপ্তার করে সংস্থাটি।

বিধি না মানার ঘটনায় ট্রাফিক বিভাগ জরিমানা করেছে ১ কোটি ৮৩ লাখ ৩৯ হাজার ৭৭৫ টাকা। একই সময় ডিএমপির মোবাইল কোর্টের মাধ্যমে আরও প্রায় তিন হাজার ব্যক্তিকে গ্রেপ্তার এবং ৩৯ লাখ ১২ হাজার ৩৩০ টাকা জরিমানা করা হয়।